



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

বিএসইসি/রেজিঃ/৩.১/জি-৫৬/মসক/২০১৬/৭৪
এপ্রিল ১৮, ২০১৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড
সেন্ট্রাল ডিপজিটরী বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)
সকল মার্চেন্ট ব্যাংক
সকল সম্পদ ব্যবস্থাপক
সকল ক্রেডিট রেটিং কোম্পানী
সকল ফান্ড ম্যানেজার
সকল সিকিউরিটিজ কাস্টডিয়ান।

বিষয়: মূল্য সংযোজন কর (মসক)/উৎসে মসক কর্তন প্রসঙ্গে।

মহোদয়,

রাজস্ব কর্মকর্তার কার্যালয় (কাস্টম এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল বিভাগ, ঢাকা) কর্তৃক প্রেরিত পত্র নং নথি নং ৪/ভ্যাট/মতিঃ/উৎসে/০৮/২০১২-২০১৩/১১৮ তারিখ ১৬.০৩.২০১৬ ইং মোতাবেক(কপি সংযুক্ত) বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স গ্রহণকারী সকল প্রতিষ্ঠান/কোম্পানীকে জুলাই ২০১০ খ্রি: তারিখ হতে অদ্যাবধি উক্ত লাইসেন্স নিবন্ধন/নবায়ন/বাৎসরিক ফি বাবদ প্রদানকৃত অর্থের উপর ১৫% হারে মসক বর্গিত দপ্তরের অর্থনৈতিক কোড নং ১.১১৩৩.০০১০.০৩১১ এ জমা প্রদান করে উক্ত মসক জমা রশিদের সত্যায়িত কপি কমিশনে জমাদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এছাড়াও, এখন থেকে সকল প্রকার লাইসেন্স/সনদ নিবন্ধন/নবায়ন/বাৎসরিক ফি এর উপর ১৫% মসক উল্লেখিত কোড এ জমা রশিদের সত্যায়িত কপি দরখাস্তের সঙ্গে উল্লেখিত ফি এর পাশাপাশি কমিশনে জমা প্রদান করতে হবে। বিষয়টি সকল লাইসেন্স/সনদ গ্রহণকারী প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ সাইফুল ইসলাম
সহকারী পরিচালক (নিবন্ধন বিভাগ)

অনুলিপি:

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, স্টক এক্সচেঞ্জ বিল্ডিং ৯/এফ, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। (সকল স্টক ব্রোকার-ডিলার এ প্রেরণসহ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের টেডিং মনিটরে স্ক্রল আকারে প্রকাশের অনুরোধসহ)
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড ১০৮০, শেখ মুজিব রোড, আছাবাদ, চট্টগ্রাম। (সকল স্টক ব্রোকার-ডিলার এ প্রেরণসহ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের টেডিং মনিটরে স্ক্রল আকারে প্রকাশের অনুরোধসহ)
০৩. চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।
০৪. বিভাগীয় কর্মকর্তা, কাস্টম এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাজস্ব কর্মকর্তার কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ড্যাট, মতিঝিল সার্কেল,
২৪, তোপখানা রোড, ঢাকা

নথি নং-৪/ড্যাট/মতি/উৎসে/০৮/২০১২-১৩/১১৮

তারিখ : ১৬.০৩.২০১৬ খ্রিঃ।

প্রেরক : রাজস্ব কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ড্যাট
মতিঝিল সার্কেল, ঢাকা।

বিষয় : মূল্য সংযোজন কর (মূসক)/উৎসে মূসক কর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিধয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩৮ এর প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশের নির্দেশনানুযায়ী বিডি। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/এনজিও/ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানী/শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর (মূসক) আদায়/কর্তন করার দিক নির্দেশনা রয়েছে। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮৩ এর বিধান অনুযায়ী আপ ততঃ বলবৎ কোন আইনের অধীন লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫% হারে উৎসে মূল্য সংযোজন কর কর্তন করার বিধান রয়েছে। উক্ত নির্দেশনা গত জুলাই, ২০১০ খ্রিঃ থেকে কার্যকর করা হয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, আপনার দপ্তর হতে আইনের বিধান অনুযায়ী জুলাই, ২০১০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি যেসব লাইসেন্স বা রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে বা যেসব লাইসেন্স/রেজিস্ট্রেশন নবায়ন করা হয়েছে উক্তরূপ লাইসেন্স/রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন বাবদ গৃহীত ফি/চার্জ এর উপর ১৫% হারে মূসক কর্তন করে তা এ দপ্তরের অর্থনৈতিক কোড নং-১.১১৩৩.০০১০.০৩১১ তে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সরকারি রাজস্ব আদায় ও পুরস্কার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

প্রাপক : চেয়ারম্যান মহোদয়,
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
১০, দিলকুশা বা/এ (১৫ম তলা), ঢাকা

(মইনুল ইসলাম মজুমদার)
রাজস্ব কর্মকর্তা

তারিখ : ১৬.০৩.২০১৬ খ্রিঃ।

নথি নং-৪/ড্যাট/মতি/উৎসে/০৮/২০১২-১৩/

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ড্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ড্যাট, মতিঝিল বিভাগ, ঢাকা।

(মইনুল ইসলাম মজুমদার)
রাজস্ব কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ড্যাট
মতিঝিল সার্কেল, ঢাকা।

